গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৫৮

**গোদাগাড়ীতে নারী সমাবেশ অনুষ্ঠিত**

রাজশাহী, ১৯ ভাদ্র (০৩ সেপ্টেম্বর):

আজ বুধবার (০৩ সেপ্টেম্বর) রাজশাহীর গোদাগাড়ী উপজেলার মাটিকাটা ইউনিয়নের প্রেমতলী ডুমুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়। রাজশাহী জেলা তথ্য অফিস এ সমাবেশের আয়োজন করে।

জেলা তথ্য অফিসের সহকারী পরিচালক আব্দুল আহাদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে গোদাগাড়ী উপজেলা শিক্ষা অফিসার মুনমুন সুলতানা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেমতলী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুকতার আলী, জেলা তথ্য অফিসের সহকারী তথ্য অফিসার হুমাঈরা সুলতানা এবং ডুমুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা. জান্নাতুল ফেরদৌস ।

অনুষ্ঠানে বক্তাগণ তারুণ্যনির্ভর, উন্নত, বৈষম্যহীন রাষ্ট্র ও জাতিগঠন, গুজব, অপপ্রচার ও সাম্প্রদায়িকতা প্রতিরোধ, মাদক, বাল্যবিবাহ, যৌতুক, মানবপাচার প্রতিরোধ, পরিবেশ সংরক্ষণ এবং ডেঙ্গু প্রতিরোধসহ সামাজিক বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

অতিথিবৃন্দ এসময় বাংলাদেশ টেলিভিশন আয়োজিত দেশব্যাপী প্রতিভা অন্বেষণ বিষয়ক 'নতুন কুঁড়ি-২০২৫' প্রতিযোগিতায় অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

নারী সমাবেশের শুরুতে নিরাপদ মাতৃত্ব, যৌতুক, মাদক, ডেঙ্গু এবং বাল্যবিবাহ প্রতিরোধমূলক চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

.......................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৫/১৫.৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd